



AD (H)
স্বাক্ষর
২১.০৪.১৯
জেলা প্রশাসক
ভোলা।

ফয়েজ আহম্মদ
সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আ.স. পত্র নং-০৫.০০.০০০০.১৮৪.৯৯.০১৩.১৯-১৬৯/১(৮০)

তারিখ : ১৭ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০১৯ খ্রিষ্টাব্দ

প্রিয় জেলা প্রশাসক,

আপনি অবগত আছেন যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী গত ১৭ জানুয়ারি ২০১৯ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয় পরিদর্শন করেছেন। পরিদর্শনকালে তিনি সুস্পষ্টভাবে বলেন “সর্বস্তরে সুশাসন নিশ্চিতকরণ ও জনসেবার মান উন্নয়নের জন্য বর্তমান সরকার দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেঞ্চ নীতি গ্রহণ করেছে। সরকারি কর্মচারীদের জন্য বেতন-ভাতা বৃদ্ধিসহ অন্যান্য সুযোগ-সুবিধা এতটাই বৃদ্ধি করা হয়েছে যে এখন আর তাদের দুর্নীতি করার কোন কারণ এবং অজুহাত দেখানোর সুযোগ নেই। এরপরও কেউ যদি দুর্নীতি করেন তবে তার বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নেয়া হবে”।

একটি জনবান্ধব প্রশাসনের মাধ্যমে ক্ষুধা, দারিদ্রমুক্ত দেশ গড়া বঙ্গবন্ধুর আজন্ম লালিত স্বপ্ন ছিল। তারই ধারাবাহিকতায় একটি সুখী, সমৃদ্ধ সোনার বাংলা বিনির্মাণে মাননীয় প্রধানমন্ত্রী বিভিন্ন দূরদর্শী পরিকল্পনা গ্রহণ করেছেন। এ পরিকল্পনাসমূহ বাস্তবায়ন এবং কোন কোন ক্ষেত্রে বাস্তবায়নের উপযোগী পরিবেশ নিশ্চিত করা জনপ্রশাসনের প্রধান কাজ। সরকারি কর্মকর্তা এবং কর্মচারীদের দায়িত্ব পালনে সততা, স্বচ্ছতা, জবাবদিহিতা, আন্তরিকতা থাকলেই আমরা সকলে মিলে এ ধরনের দক্ষ প্রশাসনিক ব্যবস্থা গড়ে তুলতে পারবো বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

মাননীয় প্রধানমন্ত্রী দুর্নীতির বিরুদ্ধে যে ‘জিরো টলারেঞ্চ’ নীতি ঘোষণা করেছেন প্রশাসনের সকল ক্ষেত্রে তা বাস্তবায়নে আমাদের দৃঢ় অঙ্গীকারের বার্তাটি আপনার নিয়ন্ত্রণাধীন সকল সহকর্মীকে অবহিত করার জন্য এবং তা কার্যকরভাবে মনিটরের বিষয়ে আপনার মনোযোগ আকর্ষণ করছি।

আন্তরিকভাবে আপনাকে

ফয়েজ আহম্মদ
সচিব

জনাব মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক
জেলা প্রশাসক, ভোলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা
(সাধারণ শাখা)

স্মারক নং-০৫.০৯.০০.০০৩.১৬.০০৮-২০১৪-১৯/ ৩৫৯(৭৫)

বিত্তি ডিও পত্রের নির্দেশনা অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

তারিখ : ২১/০৪/২০১৯ খ্রিঃ।

স্বাক্ষর
২১.০৪.১৯
উপস্থিত কর্মকর্তা

সাধারণ শাখা
জেলা প্রশাসক, ভোলা এর পক্ষে
ফোন নং : ০৪৯১-৬২২২৫

উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), ভোলা।
.....(জেলা পর্যায়ের সকল বিভাগ/দপ্তর প্রধান), ভোলা।